# গাজী নজরুলের ঘটনায় দুধ দিয়ে গোসল করে জামায়াত ছাড়ার ঘোষণা নেতার



ছবিঃ সংগৃহীত

সাতক্ষীরা-৪ আসনের সংসদ সদস্য ও জামায়াতে ইসলামীর নেতা গাজী নজরুল ইসলামকে ঘিরে সাম্প্রতিক ঘটনাকে কেন্দ্র করে দলীয় পদ ছাড়ার ঘোষণা দিয়েছেন শ্যামনগরের এক জামায়াত নেতা।
বৃহস্পতিবার (২৩ জুলাই) সন্ধ্যায় দুধ দিয়ে গোসল করে রাজনীতি থেকে সরে যাওয়ার কথা জানান দেলোয়ার হোসেন।

দেলোয়ার হোসেন শ্যামনগর উপজেলার নুরনগর ইউনিয়নের হরিনাগাড়ী গ্রামের বাসিন্দা। স্থানীয় সূত্রে জানা গেছে, তিনি ইউনিয়নের ৮ নম্বর ওয়ার্ড জামায়াতের বায়তুল মাল সম্পাদক এবং যুব বিভাগের সেক্রেটারি হিসেবে দায়িত্ব পালন করছিলেন।

এক ভিডিও বার্তায় দেলোয়ার হোসেন বলেন, সাতক্ষীরা-৪ আসনের সংসদ সদস্য গাজী নজরুল ইসলামের কর্মকাণ্ডে ক্ষুব্ধ হয়ে তিনি দলীয় পদ থেকে সরে দাঁড়ানোর সিদ্ধান্ত নিয়েছেন। একই সঙ্গে আর কোনো রাজনৈতিক দলের সঙ্গে যুক্ত না থাকার কথাও জানান তিনি।

এ বিষয়ে নুরনগর ইউনিয়ন জামায়াতের স্থানীয় ওয়ার্ড আমির আব্দুর রাজ্জাক বলেন, দেলোয়ার হোসেন দল থেকে অব্যাহতি চেয়ে কোনো লিখিত আবেদন করেননি। তবে তিনি শুনেছেন, দুধ দিয়ে গোসল করে দেলোয়ার আর দল করবেন না বলে জানিয়েছেন। তিনি বলেন, দেলোয়ার জামায়াতের একজন সক্রিয় ও ভালো কর্মী ছিলেন।